

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
ই-গভর্নেন্স-১ অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮৩১.০৬.০০১.২১.২০৫

তারিখ: ৬ আশ্বিন ১৪২৯
২১ সেপ্টেম্বর ২০২২

বিষয়: ওয়েব পোর্টালসমূহ নিয়মিত হালনাগাদকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “ডিজিটাল বাংলাদেশ টাস্কফোর্স”-এর নির্বাহী কমিটির ১২তম সভায় ‘জাতীয় ওয়েব পোর্টালের মাধ্যমে তথ্য প্রাপ্তি সহজলভ্য করার জন্য মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং মাঠ পর্যায়ে পরিচালিত ওয়েব পোর্টালসমূহ নিয়মিত হালনাগাদ করতে হবে’ মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

২। ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২৩ এ ‘তথ্য বাতায়নের মেনু মেনুর আওতাধীন সাবমেনুসমূহ; সেবা বন্ডের সকল লিংক; সকল কর্মকর্তার মোবাইল নম্বর ছবি ও ই-মেইলসহ তালিকা; নোটিশ বোর্ড বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা; জাতীয় শুদ্ধাচার কার্যক্রম; সেবা প্রদান প্রতিশ্রুতি; অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা; তথ্য অধিকার; উদ্ভাবন, সেবা সহজিকরণ ও ডিজিটাইজেশন সংক্রান্ত কার্যক্রম; বিভিন্ন কার্যক্রমের ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের তালিকা ইত্যাদি সংক্রান্ত তথ্যাদি নিয়মিত ও তাৎক্ষণিক হালনাগাদ করতে হবে’ মর্মে উল্লেখ রয়েছে।

৩। কিন্তু মন্ত্রণালয়/বিভাগসমূহ তাঁর আওতাধীন অফিসসমূহের-এর ওয়েব পোর্টালগুলি যথাযথভাবে নিয়মিত ও তাৎক্ষণিক হালনাগাদ করা না হলে একদিকে যেমন সেবা গ্রহীতাগণ কাল্পিত সেবা প্রাপ্তি থেকে বঞ্চিত হবে অন্য দিকে এ পর্যন্ত ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে অর্জিত সুনাম ক্ষুণ্ণ হবে মর্মে প্রতীক্ষমান হয়।

৪। এমতাবস্থায়, উল্লিখিত সিদ্ধান্ত ও নির্দেশিকার আলোকে তাঁর মন্ত্রণালয়/বিভাগ-এর ওয়েব পোর্টাল-সমূহ যথাযথভাবে নিয়মিত ও তাৎক্ষণিক হালনাগাদকরণসহ আওতাধীন দপ্তর সংস্থার ওয়েব পোর্টালসমূহ হালনাগাদকরণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



২১-৯-২০২২

তৌহিদুল ইসলাম

উপসচিব

ফোন: ০২২২৩৩৫৮৭৫৩

ফ্যাক্স: ৯৫১৩৩০২

ইমেইল: eg_sec1@cabinet.gov.bd

সিনিয়র সচিব / সচিব (সকল) মন্ত্রণালয়/বিভাগ।

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮৩১.০৬.০০১.২১.২০৫/১(৫)

তারিখ: ৬ আশ্বিন ১৪২৯
২১ সেপ্টেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম
- ২) যুগ্মসচিব (সংযুক্ত), ই-গভর্নেন্স অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ
- ৩) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ